

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং : ৩৮.০১.০০০০.৩০০.০২৭.০৭৯.১৭-৪৯০

তারিখ: ২৫ শ্রাবন ১৪২৫।
০২ আগস্ট ২০১৮।

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব মো: গোলাম মোস্তফা, উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:), পাটগ্রাম, লালমনিরহাট (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) উপবিধি অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ০৪.০১.২০১৮ তারিখে বিভাগীয় মামলা (বিমা-০১/১৮) রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৬.০২.২০১৮ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০৮.০৫.২০১৮ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত আর্থিক অনিয়মের অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(বি) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪ (২) (খ)] উপবিধি মোতাবেক জনাব মো: গোলাম মোস্তফা, উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:), পাটগ্রাম, লালমনিরহাট (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা)-এর ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক




তারিখ: ২৫ শ্রাবন ১৪২৫।
০২ আগস্ট ২০১৮।

স্মারক নং : ৩৮.০১.০০০০.৩০০.০২৭.০৭৯.১৭-৪৯০/১২

প্রতিলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যা প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৭. সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা/লালমনিরহাট।
৯. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট।
১০. জনাব মো: গোলাম মোস্তফা, উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:), পাটগ্রাম, লালমনিরহাট (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা)।
১১. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।



মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)
ফোন: ৫৫০৭৪৮৮০